**বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমি (বাপার্ড)**
**পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ**
**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**
**কোটালীপাড়া, গোপালগঞ্জ ৮১১০**
www.bapard.gov.bd; e-mail-dgbapard@yahoo.com

স্মারক নং: ৪৭.৬৯.৩৫৫১.২০০.৪০.০২৭.২২.১০৬৫

তারিখ: ০১/০১/২০২৪ খ্রি:

বিষয়: ২০২৩-২৪ অর্থবছরের তথ্য অধিকার বিষয়ক বার্ষিক কর্মপরিকল্পনার (RTI) দ্বিতীয় কোয়ার্টারের (অক্টোবর-ডিসেম্বর/২৩) বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

সূত্র: ২০২৩-২৪ অর্থবছরের তথ্য অধিকার সংক্রান্ত বার্ষিক কর্মপরিকল্পনা বাস্তবায়নের গাইডলাইন।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমি (বাপার্ড)-এর ২০২৩-২০২৪ অর্থবছরের তথ্য অধিকার বিষয়ক বার্ষিক কর্মপরিকল্পনার (RTI) দ্বিতীয় কোয়ার্টারের (অক্টোবর-ডিসেম্বর/২৩) বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের নিমিত্তে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: প্রতিবেদন ছকসহ প্রমাণক ৩০ পাতা।

০১/০১/২০২৪
(মোহাঃ বোরহানুল হক)
মহাপরিচালক
(অতিরিক্ত সচিব)
ফোন: ০২-৪৭৮৮২২৯৭৪

সচিব
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
**(দৃ:আ: তথ্য প্রদানকারী ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা)**

# তথ্য অধিকার বিষয়ে ২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক কর্মপরিকল্পনা

## ২য় কোয়ার্টারের (অক্টোবর-ডিসেম্বর/২০২৩খ্রিঃ)-এর প্রতিবেদন।

দপ্তর/সংস্থার নামঃ বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমি (বাপার্ড), কোটালীপাড়া, গোপালগঞ্জ-৮১১০।

| কর্মসম্পাদনের ক্ষেত্র | মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | লক্ষ্যমত্রা ২০২৩-২৪ | ১ম কোয়ার্টার (জুলাই-সেপ্টেম্বর/২৩ অর্জন) | ২য় কোয়ার্টার (অক্টোবর-ডিসেম্বর/২৩ অর্জন) | ৩য় কোয়ার্টাস জানু-মার্চ/২৪ অর্জন) | ৪র্থ কোয়ার্টাস (এপ্রিল-জুন/২৪ অর্জন) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ |
| প্রাতিষ্ঠানিক | ০৬ | [১.১] তথ্য অধিকার আইন অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে তথ্য প্রাপ্তির আবেদন নিষ্পত্তি | [১.১.১] নির্ধারিত সময়ের মধ্যে তথ্য প্রাপ্তির আবেদন নিষ্পত্তি | % | ০৬ | ১০০% | ১০০% | ১০০% | - | - | ২য় ত্রৈমাসিক একটি আবেদন পাওয়া গিয়াছে, যা চাহিত তথ্য প্রদানের মাধ্যমে নিষ্পত্তি করা হয়েছে (সংযুক্তি-১.১,পৃষ্ঠা:০২) |
| সক্ষমতা বৃদ্ধি | ১৯ | [২.১] স্বতঃপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য সকল তথ্য হালনাগাদ করে ওয়েবসাইটে প্রকাশ | [২.১.১] হালনাগাদকৃত তথ্য ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ০৪ | ০১-১২-২০২৩ থেকে ৩১-১২-২০২৩ | - | ২৭/১২/২০২৩ খ্রি. | - | - | ২৭/১২/২৩ তারিখে স্বতঃপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য সকল তথ্য হালনাগাদ করে ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে (সংযুক্তি-২.১,পৃষ্ঠা:০৩-০৪) |
| | | | | | | ০১-০৫-২০২৪ থেকে ৩১-০৫-২০২৪ | - | - | - | - | - |
| | | [২.২] বার্ষিক প্রতিবেদন প্রকাশ | [২.২.১] নির্ধারিত সময়ে বার্ষিক প্রতিবেদন প্রকাশিত | তারিখ | ০৫ | ১৫-১০-২০২৩ | - | অক্টোবর, ২০২৩ খ্রি. | - | - | বার্ষিক প্রতিবেদন প্রকাশ অক্টোবর, ২০২৩ খ্রি.। (সংযুক্তি ২.২,পৃষ্ঠা:০৫-২৩) |
| | | [২.৩] তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণ | [২.৩.১] প্রচার কার্যক্রম সম্পন্ন | সংখ্যা | ০৬ | ৩ | ০১ | ০১ | - | - | ২য় ত্রৈমাসিক একটি সভা আয়োজন করা হয়েছে। (সংযুক্তি-২.৩,পৃষ্ঠা:২৪-২৭) |
| | | [২.৪] তথ্য অধিকার আইন, ২০০৯ ও এর বিধিমালা, প্রবিধানমালা, স্বতঃপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকাসহ সংশ্লিষ্ট বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ আয়োজন | [২.৪.১] প্রশিক্ষণ আয়োজিত | সংখ্যা | ০৪ | ২ | - | ০১ | - | - | ২য় ত্রৈমাসিক একটি প্রশিক্ষণ আয়োজন করা হয়েছে। (সংযুক্তি-২.৪,পৃষ্ঠা:২৮-৩০) |

৩১/১২/২০২৩
ডাঃ মোঃ রাফিউল ইসলাম
সহকারী পরিচালক (প্রাণিসম্পদ)
বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমি (বাপার্ড)
কোটালীপাড়া, গোপালগঞ্জ

৩১/১২/২০২৩
মোঃ মাহমুদুন্নবী
পরিচালক
বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমি (বাপার্ড)
কোটালীপাড়া, গোপালগঞ্জ

## বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমি, কোটালীপাড়া, গোপালগঞ্জ

তারিখঃ ৩১/১২/২০২৩খ্রি.

**বিষয়: তথ্য অধিকার সংক্রান্ত কর্মপরিকল্পনার ১.১ কার্যক্রম (তথ্য অধিকার আইন অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে তথ্য প্রাপ্তির আবেদন নিষ্পত্তি)-এর ১ম ত্রৈমাসিক (জুলাই,২৩-ডিসেম্বর,২৩) প্রতিবেদন ছক।**

**-: ছক :-**

| বিবেচ্য সময়ের (অর্থবছর) মধ্যে প্রাপ্ত সর্বমোট আবেদন সংখ্যা | বিবেচ্য সময়ের মধ্যে নিষ্পত্তিযোগ্য আবেদন সংখ্যা | অনিষ্পত্তিযোগ্য আবেদন সংখ্যা ও নিষ্পত্তি না করার কারণ | নিষ্পত্তিকৃত আবেদন সংখ্যা | দাবীকৃত নম্বর |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | $(৫) = \frac{(৪)}{(২)} \times ৬$ |
| ০১ (এক) টি | ০১ (এক) টি | কোন অনিষ্পত্তিযোগ্য আবেদন নেই | ০১ (এক) টি | ০৬ |

৩১/১২/২০২৩

(কৃষিবিদ মোঃ মাহমুদুন্নবী)
পরিচালক ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা
ইমেইল: pdbapard@gmail.com

সচিব
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
**(দৃ:আ: তথ্য প্রদানকারী ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা)**

## বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমি, কোটালীপাড়া, গোপালগঞ্জ

**পত্র নং** তারিখঃ ২৮/১২/২০২৩খ্রি.

**বিষয়: তথ্য অধিকার সংক্রান্ত কর্মপরিকল্পনার ১.২.১কার্যক্রম (স্বতঃপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য সকল তথ্য হালনাগাত করে ওয়েবসাইটে প্রকাশ)-এর প্রতিবেদন ছক।**

**এতদ্বারা প্রত্যয়ন করা যাচ্ছে যে বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমি, কোটালীপাড়া, গোপালগঞ্জ-এর স্বতঃপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য সকল তথ্য ২৭/১২/২০২৩ খ্রি. তারিখে হালনাগাদ করে ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে।**

**সংযুক্ত: স্বতঃপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্যের তালিকা**

২৮/১২/২০২৩

**তথ্য প্রদানকারী কর্মকর্তা ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা**
**০১৭১১০০৬৮৬৯**
মোঃ মাহমুদুন্নবী
পরিচালক
বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমি (বাপার্ড)
কোটালীপাড়া, গোপালগঞ্জ।

সচিব
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
**(দৃ:আ: তথ্য প্রদানকারী ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা)**

২৮/১২/২৩

**অফিস প্রধানের প্রতিস্বাক্ষর**
**মোহাঃ বোরহানুল হক**
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমি (বাপার্ড)
কোটালীপাড়া, গোপালগঞ্জ।

**বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমি (বাপার্ড)**
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
কোটালীপাড়া, গোপালগঞ্জ-৮১১০
www.bapard.gov.bd; e-mail-dgbapard@yahoo.com

# স্ব-প্রণোদিত তথ্যের তালিকা

১) বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমি (বাপার্ড) এর সাংগঠনিক কাঠামোর বিবরণ।

২) কার্যক্রম (ডেলিগেশন অব অ্যাডমিনিস্ট্রেটিভ এন্ড ফিনান্সিয়াল পাওয়ার)।

৩) কার্যবন্টন।

৪) কর্মকর্তাদের নাম, পদবী ও দায়িত্ব এবং প্রযোজ্য ক্ষেত্রে ফ্যাক্স নম্বর ও ই-মেইল ঠিকানা।

৫) বাপার্ড-এর বিদ্যমান আইন, বিধিমালা, প্রবিধানমালা, নীতিমালা, প্রজ্ঞাপন, নির্দেশনা।

৬) বার্ষিক প্রতিবেদন।

৭) বাজেট ও বাজেট প্রক্ষেপন (অনুন্নয়ন ও উন্নয়ন)

৮) নাগরিক সনদ।

৯) সকল প্রকাশিত প্রতিবেদন।

১০) তথ্য অধিকার আইন অনুযায়ী নিয়োজিত দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা, আপিল কর্তৃপক্ষ ও তথ্য কমিশনারদের নাম, পদবি ও ঠিকানা।

১১) বাস্তবায়িত ও চলমান উন্নয়ন প্রকল্পের তালিকা, প্রস্তাবিত খরচ, প্রকৃত ব্যয়ের বিবরণসহ সংক্ষিপ্ত বিবরণী।

১২) তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৭ ধারার বিধান সাপেক্ষে সামাজিক নিরাপত্তা, দারিদ্র্য বিমোচন কর্মসূচী সংক্রান্ত তথ্য।

১৩) সকল বিজ্ঞপ্তি।

১৪) সভা সংক্রান্ত যাবতীয় তথ্যাদি।

১৫) বার্ষিক ক্রয় পরিকল্পনা।

১৬) কোয়ার্টার ভিত্তিক অগ্রগতির প্রতিবেদন।

১৭) বার্ষিক কর্মপরিকল্পনা


২১/০৭/২০২৬
ডাঃ মোঃ রাফিউল ইসলাম
সহকারী পরিচালক (প্রাণিসম্পদ)
বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমি (বাপার্ড)
কোটালীপাড়া, গোপালগঞ্জ-৮১১০

২১/৭/২০২৬
মোঃ মাহমুদুন্নবী
পরিচালক
বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমি (বাপার্ড)
কোটালীপাড়া, গোপালগঞ্জ

২.২

# বার্ষিক প্রতিবেদন

## ২০২২-২০২৩




**বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমি (বাপার্ড)**

**কোটালীপাড়া, গোপালগঞ্জ।**

**পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ**

**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।**



**প্রতিমন্ত্রী**
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।

# বাণী

বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমি (বাপার্ড) এর বার্ষিক প্রতিবেদন ২০২২-২০২৩ প্রকাশের উদ্যোগকে স্বাগত জানাই। পল্লী উন্নয়ন ও দারিদ্র্য বিমোচনের অভিপ্রায়কে সামনে রেখে বাপার্ড সগৌরবে এগিয়ে যাচ্ছে। সময়ের পরিক্রমায় সরকারের নানাবিধ প্রশিক্ষণ বাস্তবায়নের পাশাপাশি স্বল্প পরিসরে গবেষণা পরিচালনা, প্রায়োগিক গবেষণা ও পরামর্শ সেবা প্রদানের মাধ্যমে বাপার্ড "দারিদ্র্য বিমোচনের উৎকর্ষ"-কেন্দ্রে পরিণত হতে ধারাবাহিকভাবে প্রতিনিয়ত চেষ্টা চালিয়ে যাচ্ছে। বাপার্ড-এর বার্ষিক প্রতিবেদন প্রকাশের উদ্যোগ নেওয়ায় সংশ্লিষ্ট সকলকে জানাই প্রাণঢালা শুভেচ্ছা।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের উন্নয়ন দর্শন ও আদর্শের পথ ধরে বর্তমান সরকার ক্ষুধা, দারিদ্র্য, বৈষম্য ও দুর্নীতিমুক্ত সুখী সমৃদ্ধ বাংলাদেশ গড়ার লক্ষ্যে নানামুখী উন্নয়ন পরিকল্পনা গ্রহণ করেছে। গ্রাম ও শহরের উন্নয়নের দুরত্বকে ঘুচিয়ে সমন্বিত উন্নয়ন সরকারের অন্যতম অঙ্গীকার। বঙ্গবন্ধুর সঠিক পরিকল্পনা ও মজবুত ভিত্তির উপর দাড়িয়ে তাঁরই সুযোগ্য উত্তরসুরি বর্তমান মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা শহরের সব নাগরিক সুবিধা গ্রাম পর্যন্ত পৌছে দিচ্ছেন। সে উন্নয়ন চিন্তা থেকেই বর্তমান সরকারের নির্বাচনী ইশতেহার-২০১৮ এর বিশেষ অঙ্গীকার 'আমার গ্রাম, আমার শহর' ধারণাকে সামনে রেখে পল্লী উন্নয়ন বিষয়ে স্বল্প ও দীর্ঘমেয়াদী পরিকল্পনার মাধ্যমে বাপার্ড কাজ করে যাচ্ছে।

মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার সুযোগ্য নেতৃত্বে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সোনার বাংলা প্রতিষ্ঠার স্বপ্নপূরণে আমরা ঐক্যবদ্ধভাবে কাজ করছি। বর্তমান সরকার জাতির পিতার স্বপ্ন বাস্তবায়নে দেশের সামগ্রীক উন্নয়ন, বিশেষ করে পিছিয়ে পড়া জনগোষ্ঠী ও সকল ক্ষুদ্র নৃগোষ্ঠীসহ ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের আধুনিক চাষাবাদ বিষয়ে প্রশিক্ষণে গুরুত্ব প্রদান করেছে। এ লক্ষ্যে গোপালগঞ্জ জেলার কোটালীপাড়া উপজেলায় বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমি (বাপার্ড) প্রতিষ্ঠার মাধ্যমে দেশের প্রান্তিক পর্যায়ের পুরুষের পাশাপাশি নারীদের স্বাবলম্বী করে আর্থ-সামাজিক উন্নয়ন ও নারীর ক্ষমতায়ন সুদৃঢ় করা হচ্ছে, যা স্মার্ট বাংলাদেশ গঠণে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

বর্তমান সরকার স্মার্ট বাংলাদেশ বিনির্মাণের অভিলক্ষ্য ২০৪১ গ্রহণ করেছে, এ লক্ষ্য অর্জনে সরকারের অন্যান্য দপ্তরের ন্যায় স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের নেতৃত্বে বাপার্ড আয়বর্ধনমূখী নানাবিধ প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে সরকারের উন্নয়ন অগ্রযাত্রার যথাযথ অবদান রাখবে মর্মে আমি দৃঢ়ভাবে বিশ্বাস করি।

জাতির পিতার জন্মভূমিতে বাপার্ড কর্তৃক গৃহিত সকল কার্যক্রমের সফলতা কামনা করছি এবং গৃহিত কার্যক্রম সফলভাবে বাস্তবায়নের মাধ্যমে একটি সুখী ও সমৃদ্ধ বাংলাদেশ গড়ে উঠতে যথাযথ সহায়তা করবে সেই প্রত্যাশা করছি।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু।

বাংলাদেশ চিরজীবী হোক।

(স্বপন ভট্টাচার্য্য, এম.পি)



**সিনিয়র সচিব**
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।


## বাণী

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের দূরদর্শী নেতৃত্বে ১৯৭১ সনে বিশ্ব মানচিত্রে বাংলাদেশ নামে একটি স্বাধীন সার্বভৌম রাষ্ট্রের অভ্যুদয় হয়। দেশের মানুষের রাজনৈতিক মুক্তি ও অর্থনৈতিক উন্নয়নের মধ্যেই নিহিত স্বাধীনতার মূল চেতনা। সংখ্যাগরিষ্ঠ জনগোষ্ঠী অধ্যুষিত পল্লী এলাকার উন্নয়ন মূলতঃ একটি দেশের সার্বিক অর্থনৈতিক উন্নয়ন নিশ্চিতকরণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। প্রশিক্ষণ ও গবেষণার মাধ্যমে পল্লী এলাকার গ্রামীন জনগোষ্ঠীর জীবনমান উন্নয়নে বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমি (বাপার্ড) কার্যক্রম পরিচালনা করে চলেছে । পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের গুরুত্বপূর্ণ সংস্থা হিসেবে বাপার্ড পল্লী অঞ্চলের অনগ্রসর জনগোষ্ঠীর আর্থসামাজিক অবস্থার উন্নয়ন ও দারিদ্র্য বিমোচনে নিরলসভাবে কাজ করে যাচ্ছে।

সরকারের ৮ম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় দারিদ্র্য বিমোচনকে অগ্রাধিকার প্রদান করা হয়েছে। দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে অষ্টম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় সকল নাগরিকের উন্নয়ন প্রক্রিয়ায় অংশগ্রহণ ও ক্ষমতায়ন এবং জিডিপি প্রবৃদ্ধি গতিশীল, উৎপাদনশীলতা বৃদ্ধি ও কর্মসংস্থান তৈরির উপর গুরুত্ব দেওয়া হয়েছে। বিশ্বব্যাপী গৃহীত ও অনুসৃত টেকসই উন্নয়ন অভীষ্ট ২০৩০ এর লক্ষ্যমাত্রাসমূহ অর্জন এবং ২০৩১ সালের মধ্যে চরম দারিদ্র্য নিরসন করে উচ্চ মধ্যম আয়ের দেশ এবং ২০৪১ সালের মধ্যে উচ্চ আয়ের দেশের মর্যাদা অর্জনের লক্ষ্যে প্রেক্ষিত পরিকল্পনা (২০২০-২০৪১) গ্রহণ করা হয়েছে। জলবায়ু পরিবর্তনসহ আনুষঙ্গিক পরিবেশগত সমস্যা মোকাবেলা করে স্থিতিশীল বাংলাদেশ বিনির্মান এবং কৃষিতে মৌলিক রূপান্তরের মাধ্যমে উৎপাদনশীলতা বৃদ্ধি প্রেক্ষিত পরিকল্পনার অন্যতম কৌশলগত লক্ষ্য। উক্ত পরিকল্পনা ও লক্ষ্যমাত্রা অর্জনের অভিপ্রায়ে ২০৪১ সালে উন্নত দেশ হিসেবে সোনার বাংলা রূপায়ণের নিমিত্ত টেকসই পল্লী উন্নয়ন ও পল্লীর জনগোষ্ঠীকে উন্নয়নের মূলধারায় সম্পৃক্তকরণের লক্ষ্যে বাপার্ড কর্তৃক পরিচালিত কার্যক্রমের মধ্যে দুঃস্থ ও দারিদ্র্যপিড়ীত জনগোষ্ঠীর দক্ষতা উন্নয়নকল্পে প্রশিক্ষণ, গবেষণা ও প্রায়োগিক গবেষণা, প্রশিক্ষণোত্তর সহায়তা, কৃষি উৎপাদনে টেকসই প্রযুক্তির ব্যবহার সম্প্রসারণ, প্রান্তিক জনগোষ্ঠীর স্বাবলম্বিতা অর্জনে উদ্যোক্তা উন্নয়ন, গ্রামীন অর্থনীতির টেকসই উন্নয়নকল্পে পরামর্শ সেবা প্রদান ইত্যাদি বিশেষ প্রণিধানযোগ্য। প্রতিষ্ঠানের এ কর্মধারা আগামীতে আরো শাণিত ও সম্প্রসারিত হবে বলে আমি মনে করি।

বার্ষিক প্রতিবেদনে একটি প্রতিষ্ঠানের সামগ্রিক কর্মকাণ্ডের চিত্র প্রতিফলিত হয়। বাপার্ড কর্তৃক প্রকাশিত ২০২২-২০২৩ অর্থবছরের বার্ষিক প্রতিবেদনটি এ প্রতিষ্ঠান সম্পর্কে আগ্রহী সকলকে সুস্পষ্ট ধারণা প্রদান করবে এবং প্রতিষ্ঠানের অগ্রযাত্রায় গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমি (বাপার্ড) কর্তৃক ২০২২-২০২৩ অর্থবছরের বার্ষিক কার্যক্রমের উপর প্রতিবেদন প্রকাশ করা হচ্ছে জেনে আমি আনন্দিত। এ প্রকাশনার সাথে সংশিষ্ট সকলকে ধন্যবাদ জানাই।

মোসাম্মৎ হামিদা বেগম




**মহাপরিচালক**

(অতিরিক্ত সচিব)

বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমি (বাপার্ড)

কোটালীপাড়া, গোপালগঞ্জ

পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়



## বাণী

বার্ষিক প্রতিবেদন প্রকাশ বছরের উল্লেখযোগ্য কার্যক্রমসমূহের মধ্যে অন্যতম। বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমি (বাপার্ড) এর ২০২২-২০২৩ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন প্রণয়ন কার্যক্রমে সংযুক্ত থাকতে পেরে আমি খুবই আনন্দিত। জাতিসংঘ ঘোষিত 'টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা এর লক্ষ্য ১ ও ২'-এ ২০৩০ সালের মধ্যে চরম দারিদ্রের সম্পূর্ণ অবসান এবং জনগণের নিরাপদ, পুষ্টিকর ও পর্যাপ্ত খাদ্য প্রাপ্তি নিশ্চিত করে ক্ষুধার অবসান ঘটানোর অঙ্গীকার ব্যক্ত করা হয়েছে। অন্যদিকে মাননীয় প্রধানমন্ত্রীর রূপকল্প ২০৪১ অনুযায়ী ২০৪১ সালের মধ্যে দারিদ্রের দ্রুত অবলুপ্তিসহ মধ্যম আয়ের পর্যায় পেরিয়ে উচ্চ আয়ের দেশের মর্যাদায় আসীন হয়ে বাংলাদেশ হবে এক শান্তিপূর্ণ, সমৃদ্ধ, সুখী এবং উন্নত জনপদ। রূপকল্প ২০৪১ কে নীতিমালা ও কর্মসূচিসহ একটি উন্নয়ন কৌশলে রূপান্তরের জন্য প্রেক্ষিত পরিকল্পনা (২০২১-২০৪১) প্রণয়ন করা হয়েছে। রূপকল্প ২০৪১ বাস্তবায়নে দিক নির্দেশনামূলক প্রেক্ষিত পরিকল্পনা মেয়াদে মোট ৪টি যথা ৮ম, ৯ম, ১০ম ও ১১তম পঞ্চবার্ষিক পরিকল্পনা বাস্তবায়নের মাধ্যমে প্রেক্ষিত পরিকল্পনার উদ্দেশ্য অর্জনের লক্ষ্য গ্রহণ করা হয়েছে। সরকারের এসব স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদী বিভিন্ন পরিকল্পনা নিবিড়ভাবে অনুসরণ করে বাপার্ড নিজ পরিসরে বহুমাত্রিক কার্যক্রম পরিচালনা করছে।

দারিদ্র্য বিমোচন ও আর্থ সামাজিক উন্নয়নের লক্ষ্যে প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান, গবেষণা কার্যক্রম পরিচালনা, নতুন নতুন কৌশল উদ্ভাবন ও প্রয়োগের মাধ্যমে টেকসই পল্লী উন্নয়ন বাপার্ড-এর অন্যতম প্রধান কাজ। উন্নত কৃষি প্রযুক্তি হস্তান্তর, হাঁস-মুরগী পালন, মৎস্য চাষ, কম্পিউটার, সেলাই, মোবাইল সার্ভিসিং, ইলেকট্রিক্যাল হাউজ ওয়্যারিং, প্লাম্বিং, ব্লক বাটিক ইত্যাদি বিষয়ে ২০২২-২০২৩ অর্থ বছরে মোট ১,২০৪ জন সুফলভোগীকে আয়বর্ধনমূলক প্রশিক্ষণ দেয়া হয়েছে। এছাড়া সরকারি/বেসরকারি সংস্থার কর্মকর্তা-কর্মচারীদের উদ্বুদ্ধকরণ, দক্ষতা উন্নয়ন ও স্থানীয় প্রশিক্ষণ দেয়া হয়েছে। গ্রামীণ কৃষি এবং সামাজিক উন্নয়ন বিষয়ে ০৬ টি গবেষণা কার্যক্রম সম্পাদন ও ০৬ টি গবেষণা প্রকাশিত হয়েছে।

বাপার্ড ২০২২-২৩ অর্থবছরে প্রথমবারের মত বার্ষিক প্রতিবেদন প্রকাশ করছে। এ প্রতিবেদনে ২০২২-২৩ অর্থবছরের সার্বিক কার্যক্রম ও অর্জনের তথ্যাদি উপস্থাপিত হয়েছে। প্রতিবেদনটি দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়নের ধারণা ও অনুশীলনের সাথে জড়িত সকলের জন্য সহায়ক হবে। বার্ষিক প্রতিবেদন প্রকাশনার সাথে সংশ্লিষ্ট সকলকে আমি আন্তরিক অভিনন্দন জানাই।

মোহাঃ বোরহানুল হক



**পরিচালক (কৃষি, মৎস্য, প্রাণিসম্পদ)**

বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমি (বাপার্ড)

কোটালীপাড়া, গোপালগঞ্জ

পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

## সম্পাদকীয়

দেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চলের পল্লী এলাকার জনগোষ্ঠীর দারিদ্র্য বিমোচন ও আর্থ-সামাজিক জীবনমান উন্নয়নে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ক্ষুধা ও দারিদ্র্যমুক্ত সোনার বাংলা বিনির্মাণের অভিপ্রায়কে বাস্তবায়নের লক্ষ্যে ২০১২ সালে একটি সরকারি একাডেমি হিসাবে 'বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমি (বাপার্ড 'আত্মপ্রকাশ করে। আত্ম কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে প্রশিক্ষণ ও গবেষণার মাধ্যমে দারিদ্র্য বিমোচন, আধুনিক কৃষি, মৎস্য ও প্রাণিসম্পদ প্রযুক্তি হস্তান্তর, উদ্যোক্তা সৃষ্টিকরণ, উপকূলীয় অঞ্চলের জলাবদ্ধতা ও লবনাক্ততা, জলবায়ু ও জোয়ার-ভাটার প্রভাব বিবেচনা করে কৃষির উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে নতুন নতুন কৌশল উদ্ভাবন, নারী উন্নয়ন ও ক্ষমতায়ন এবং টেকসই পল্লী উন্নয়নকল্পে একাডেমি প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে।

বাপার্ড এর এই সামগ্রিক প্রচেষ্টা ও কর্মকাণ্ডের অর্জন প্রতিফলিত হয়েছে প্রথমবারের মত প্রকাশিত ২০২২-২০২৩ সালের বার্ষিক প্রতিবেদনে। প্রতিবেদনে একাডেমি প্রতিষ্ঠার পটভূমিসহ গৃহীত নানাবিধ কার্যক্রম ও কর্মপরিকল্পনার পাশাপাশি প্রদত্ত নাগরিক সেবা, মানবসম্পদ উন্নয়নে উদ্বুদ্ধকরণ ও আয়বর্ধণমূলক প্রশিক্ষণ, প্রতিষ্ঠানের বিভাগভিত্তিক কর্মকাণ্ডের তুলনামূলক আলোচনা, দারিদ্র্য বিমোচনে গবেষণালব্ধ ফলাফলের প্রভাব, কৃষি উন্নয়নে আধুনিক প্রযুক্তির ব্যবহার, গ্রামীণ নারীদের ক্ষমতায়নসহ বিভিন্ন বিষয়ের বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপিত হয়েছে।

বার্ষিক প্রতিবেদন প্রণয়ন একটি প্রতিষ্ঠানের রুটিন কাজ। কিছুটা পরে হলেও প্রথম প্রকাশিত এ প্রতিবেদন বাপার্ড-এর ইতিহাসে মাইল ফলক হিসাবে বিবেচ্য। প্রত্যাশা করি ২০২২-২০২৩ সালের প্রকাশিত প্রতিবেদনের মাধ্যমে বাপার্ড সম্পর্কে সম্যক ধারণা পাওয়া যাবে। বার্ষিক প্রতিবেদন প্রণয়নে তথ্য সংগ্রহ, যাচাই এবং সংযোজন-বিয়োজনের মাধ্যমে বিন্যাস করার ক্ষেত্রে বাপার্ড-এর সকল কর্মকর্তা-কর্মচারীর প্রচেষ্টার ফলে প্রতিবেদনটি প্রকাশ সম্ভব হয়েছে। এ জন্য তাঁদের সকলের প্রতি আন্তরিক কৃতজ্ঞতা জ্ঞাপন করছি।

একই সাথে কৃতজ্ঞতা প্রকাশ করছি প্রতিবেদন প্রকাশের সাথে সংশ্লিষ্ট প্রকাশনা কমিটির সদস্যবৃন্দকে– যাঁদের গুরুত্বপূর্ণ পরামর্শ ও দিকনির্দেশনা প্রতিবেদনের মানোন্নয়নে সহায়ক হয়েছে। সর্বোপরি আন্তরিকভাবে কৃতজ্ঞতা প্রকাশ করছি বাপার্ড -এর সুযোগ্য ও শ্রদ্ধাভাজন মহাপরিচালক মহোদয়ের প্রতি, যাঁর গুরুত্বপূর্ণ দিকনির্দেশনা, সার্বিক তদারকি ও সহযোগিতায় প্রতিবেদনটি প্রকাশ করা সম্ভব হয়েছে। আরও কৃতজ্ঞতা প্রকাশ করছি বাপার্ড এর প্রত্যেক বিভাগ ও শাখার কর্মকর্তা-কর্মচারীদের প্রতি যাদের পরিশ্রমলব্ধ অগ্রগতির চিত্র প্রতিবেদনে প্রকাশিত হয়েছে। ২০২২-২০২৩ অর্থবছরের প্রতিবেদনটি দ্রুততম সময়ে প্রকাশিত হওয়ায় ভুলত্রুটি বা গুরুত্বপূর্ণ অনেক বিষয় সন্নিবেশিত না হয়েও থাকতে পারে। এ বিষয়ে সংশ্লিষ্ট বিভাগ ও শাখা থেকে সুনির্দিষ্ট প্রস্তাবনা ও মতামত প্রদানের জন্য অনুরোধ রইল। এরূপ প্রস্তাবনা ও মতামত ২০২৩-২০২৪ অর্থবছরের বার্ষিক প্রতিবেদনকে আরও তথ্যবহুল, ত্রুটিমুক্ত ও সুন্দরভাবে প্রকাশে সহায়ক হবে।

প্রতিবেদনে বর্ণিত ও উল্লিখিত বিষয়াদির মাধ্যমে দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়নে জড়িত ব্যক্তি/সংগঠনের তথ্য সংগ্রহের উৎস্য হিসাবে বিবেচিত হলে আমাদের প্রচেষ্টা সফল হবে এবং ভবিষ্যতে আরো আধুনিক ও তথ্যনির্ভর প্রতিবেদন প্রকাশের ক্ষেত্রে উৎসাহব্যঞ্জন হবে।

মোঃ মাহমুদুন্নবী

সূচিপত্র


| ক্রমিক | | বিষয় | পৃষ্ঠা |
|---|---|---|---|
| প্রথম অধ্যায় : বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমি (বাপার্ড) -এর পরিচিতি | | | |
| ১ | ১.১ | অবতরণিকা | |
| | ১.২ | রূপকল্প (ঠরংরড়হ), অভিলক্ষ্য ( গরংংরড়হ), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি | |
| | ১.৩ | বাপার্ড এর পরিচালনা পর্ষদ | |
| | ১.৪ | সাংগঠনিক কাঠামোতে বিদ্যমান জনবল | |
| দ্বিতীয় অধ্যায় : বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমি (বাপার্ড) -এর বিভাগসমূহের পরিচিতি | | | |
| ২ | ২.১ | প্রশাসন ও অর্থ বিভাগ | |
| | ২.২ | প্রশিক্ষণ, আইটি ও গবেষণা বিভাগ | |
| | ২.৩ | কৃষি, মৎস্য ও প্রাণিসম্পদ বিভাগ | |
| তৃতীয় অধ্যায় : ২০২২-২০২৩ অর্থবছরে বাস্তবায়নকৃত প্রশিক্ষণ কার্যক্রম | | | |
| ৩ | ৩.১ | আয়বর্ধনমূলক প্রশিক্ষণ প্রদান | |
| | ৩.২ | নিরাপদ খাদ্য বিষয়ক সচেতনামূলক ধারণা প্রদান বিষয়ক প্রশিক্ষণ | |
| | ৩.৩ | উদ্বুদ্ধকরণ প্রশিক্ষণ প্রদান | |
| | ৩.৪ | স্থানীয় প্রশিক্ষণ প্রদান | |
| | ৩.৫ | জনপ্রতিনিধি ও এনজিও কর্মীদের প্রশিক্ষণ প্রদান | |
| | ৩.৬ | এক্সপোজার ভিজিটের মাধ্যমে নলেজ শেয়ারিং | |
| | ৩.৭ | ওউঝউচ সিস্টেম পাইলটিং (পার্ট-১) বাস্তবায়ন বিষয়ক প্রশিক্ষণ | |
| | ৩.৮ | জিআরএস বিষয়ক প্রশিক্ষণ | |
| | ৩.৯ | তথ্য অধিকার আইন, ২০০৯ ও এর বিধিমালা, প্রবিধানমালা বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণ | |
| | ৩.১০ | ই-গভর্ন্যান্স ও উদ্ভাবনী উদ্যোগ/ ধারণা বাস্তবায়ন বিষয়ক প্রশিক্ষণ প্রদান | |
| | ৩.১১ | শুদ্ধাচার বিষয়ক প্রশিক্ষণ প্রদান | |
| | ৩.১২ | সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক প্রশিক্ষণ | |
| চতুর্থ অধ্যায় : ২০২২-২০২৩ অর্থবছরে একাডেমির বাস্তবায়িত প্রশাসনিক কার্যক্রম | | | |
| ৪ | ৪.১ | একাডেমির বিভিন্ন প্রশাসনিক কার্যক্রম | |
| | ৪.২ | হিসাব শাখা কর্তৃক সম্পাদিত বিভিন্ন কার্যক্রম | |
| | ৪.৩ | ইএফটি (PL Account) সংক্রান্ত কার্যক্রম | |
| | ৪.৪ | মাননীয় প্রধানমন্ত্রীর বাপার্ডে আগমন উপলক্ষে সার্বিক কার্যক্রম বাস্তবায়ন | |
| | ৪.৫ | অবকাঠামো রক্ষণাবেক্ষণ (সিভিল, মেকানিক্যাল ও ইলেট্রিক্যাল) | |
| | ৪.৬ | লার্নিং সেশন কার্যক্রম | |

| ক্রমিক | | বিষয় | পৃষ্ঠা |
|---|---|---|---|
| পঞ্চম অধ্যায় : ২০২২-২০২৩ অর্থবছরে একাডেমির কৃষি বিষয়ক কার্যক্রম | | | |
| ৫ | ৫.১ | বাপার্ডে প্রদর্শণী প্লটে ফুলকপি, টমেটো, ধনিয়া, বাদাম চাষ | |
| | ৫.২ | কৃষি যান্ত্রিকীকরণ পরামর্শ সেবা প্রদান | |
| | ৫.৩ | অনলাইনে কৃষকদের পরামর্শ সেবা প্রদান | |
| | ৫.৪ | প্রশিক্ষণার্থীদের মধ্যে বাপার্ড নার্সারিতে উৎপাদিত ফলদ/বনজ চারা বিতরণ | |
| | ৫.৫ | প্রশিক্ষণার্থীদের মাঝে প্রশিক্ষণোত্তর ধান/সবজি বীজ বিতরণ | |
| | ৫.৬ | বাপার্ডে প্রদর্শণী প্লটে কলা, পেঁপে আম ও লিচু চাষ | |
| | ৫.৭ | বাপার্ডের আন্তঃরোড সমূহের পাশে সৌন্দর্যবর্ধণকারী চারা রোপণের মাধ্যমে ক্যাম্পাসের সৌন্দর্যবৃদ্ধিকরণ | |
| | ৫.৮ | শীতকালীন মৌসুমি ফুলের চারা রোপণ | |
| | ৫.৯ | রোপিত বিভিন্ন ধরণের (আম, লিচু, পেঁপে, কলা, খেজুর, মাল্টা, লেবু ইত্যাদি) চারার আগাছা পরিষ্কার, কীটনাশক ও সার প্রয়োগসহ অন্যান্য পরিচর্যা করা | |
| ষষ্ঠ অধ্যায়: একাডেমির প্রাণিসম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা বিষয়ক কার্যক্রম | | | |
| ৬ | ৬.১ | খামারীদের প্রাণিসম্পদ ব্যবস্থাপনা বিষয়ক পরামর্শ সেবা প্রদান | |
| | ৬.২ | একাডেমির পোল্ট্রি শেডে দেশি প্রজাতির মুরগী পালন | |
| | ৬.৩ | একাডেমির প্রদর্শনী খামারে গরু মুরগী ও অন্যান্য প্রাণিসম্পদের চিকিৎসা প্রদান | |
| | ৬.৪ | প্রাণিসম্পদের মানোন্নয়নে গৃহীত বিবিধ কার্যক্রম | |
| | ৬.৫ | প্রশিক্ষণোত্তর খামারীদের মাঝে হাঁসের বাচ্চা বিতরণ | |
| | ৬.৬ | অনলাইনে খামারীদের প্রাণিসম্পদ বিষয়ক সেবা প্রদান | |
| | ৬.৭ | খামারীদের মাঝে কৃমিনাশক ঔষধ বিতরন | |
| সপ্তম অধ্যায়: একাডেমির মৎস্য বিষয়ক কার্যক্রম | | | |
| ৭ | ৭.১ | বাপার্ড মৎস্য হ্যাচারীতে মাছের কৃত্রিম প্রজনন: | |
| | ৭.২ | বাপার্ড গবেষণা পুকুরে কমন কার্প মাছের নার্সারী ব্যবস্থাপনা | |
| | ৭.৩ | বাপার্ড-এর মৎস্য বিষয়ক অন্যান্য কার্যক্রমের স্থিরচিত্র | |
| অষ্টম অধ্যায়: ২০২২-২০২৩ অর্থবছরে একাডেমির সম্পাদিত সমীক্ষা বিষয়ক কার্যক্রম | | | |
| ৮ | ৮.১ | 'A Survey on Organic and Inorganic Pesticide Use in Agriculture at Kotalipara and Tungipara Upazila under the District of Gopalganj' | |
| | ৮.২ | 'Assessing the Impact of Training on Poverty Alleviation through Post-Training Surveys at Gopalganj District (2022-2023)' | |
| | ৮.৩ | 'A Survey on Impacts and Consequences from Malnutrition of Rural Women at Gopalganj District' | |
| | ৮.৪ | 'A Survey on Agent Banking in Rural Economy at Gopalganj District' | |

| ক্রমিক | | বিষয় | পৃষ্ঠা |
|---|---|---|---|
| নবম অধ্যায়: ২০২২-২০২৩ অর্থবছরে একাডেমির সম্পাদিত গবেষণা ও প্রায়োগিক গবেষণা বিষয়ক কার্যক্রম | | | |
| ৯ | ৯.১ | Report on "Yield Performance of Banana by Using NPK Fertilizer with Different Doses." | |
| | ৯.২ | Report on "Varietal Effect of Binasarisha-4, Binasarisha-7 and Binasarisha-9 at BAPARD Agricultural Farm." | |
| | ৯.৩ | Report on "Study on the Prevalence of Bovine Fascioliasis at Selected Areas of Gopalganj District in Bangladesh." | |
| | ৯.৪ | Report on "Epidemiological investigation and Factors affecting the Gastrointestinal parasitism in Cattle at selected areas of Kotalipara upazila of Gopalganj District in Bangladesh." | |
| | ৯.৫ | Report on "Rural Development in Bangladesh with Prospects and Challenges to Achieving Sustainability: A Case study." | |
| | ৯.৬ | Report on "Study on the Impact of Mobile Phone (Smart Phone) on Secondary level Students at Kotilipara Upazila, Gopalganj." | |
| দশম অধ্যায়: ২০২২-২০২৩ অর্থবছরে একাডেমির প্রকাশিত গবেষণা ও প্রায়োগিক গবেষণা বিষয়ক কার্যক্রম | | | |
| ১০ | ১০.১ | An Analysis of the pattern of Farmer's income in Gopangonj District | |
| | ১০.২ | Effect of Organic and Inorganic Fertilizers on Growth and Yield Performance of Sweet Corn (Zea Mays) at BAPARD Agricultural Farm. | |
| | ১০.৩ | Epidemiological investigation and Factors affecting the Gastrointestinal parasitism in Cattle at selected areas of Kotalipara upazila of Gopalganj district in Bangladesh | |
| | ১০.৪ | Study of the Production Performance by releasing carp fingerlings at selected floodplain of Kotalipara upazila of Gopalganj district in Bangladesh | |
| | ১০.৫ | Study on the Stocking Density of Fry for Fingerling Production of Common Carp at BAPARD Nursery Pond | |
| | ১০.৬ | Prevalence of Ecto and Endo Paracitic infections among BAPARD Cattle farm and Gopalganj district of Bangladesh | |

| ক্রমিক | | বিষয় | পৃষ্ঠা |
|---|---|---|---|
| একাদশ অধ্যায়ঃ বাপার্ড এর ২০২২-২০২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) এবং সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন | | | |
| ১১ | ১১.১ | ২০২২-২০২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) কার্যক্রমের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন; | |
| | ১১.২ | জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন প্রতিবেদন ২০২২-২০২৩; | |
| | ১১.৩ | একাডেমির ই-গভর্ন্যান্স ও উদ্ভাবনী কার্যক্রম ২০২২-২০২৩; | |
| | ১১.৪ | ২০২২-২০২৩ অর্থবছরের তথ্য অধিকার বিষয়ক কর্মপরিকল্পনা বাস্তবায়ন; | |
| | ১১.৫ | ২০২২-২০২৩ অর্থবছরের অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ক কর্মপরিকল্পনা বাস্তবায়ন; | |
| | ১১.৬ | একাডেমির সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) কার্যক্রম ২০২২-২০২৩; | |
| | ১১.৭ | একাডেমির সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার)। | |

# প্রথম অধ্যায়

## বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমি (বাপার্ড)-এর পরিচিতি

### ১.১. অবতরণিকা

বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমি দেশের দক্ষিণ পশ্চিম অঞ্চলের অন্যতম গুরুত্বপূর্ণ একাডেমি যা সংক্ষেপে বাপার্ড নামে পরিচিত। দারিদ্র্য বিমোচনের কৌশল ও প্রচেষ্টার সমন্বয় এবং হাতে কলমে যুগোপযোগী প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যে গোপালগঞ্জ জেলার কোটালীপাড়া উপজেলায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের অমর স্মৃতির স্মরণে বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন প্রশিক্ষণ কমপ্লেক্স হিসাবে ১৯৯৭ সনে এই প্রতিষ্ঠানের যাত্রা শুরু হয়। পরবর্তীতে প্রশিক্ষণ কমপ্লেক্স কে বাপার্ড-এ উন্নীত করা হয় এবং প্রশিক্ষণ ও গবেষণার মাধ্যমে জাতীয় ও আন্তর্জাতিক পরিসরে পল্লী উন্নয়ন ও দারিদ্র্য বিমোচন কর্মসূচি কার্যকর রাখার উদ্দেশ্যে ১৬ই নভেম্বর ২০১১ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা "বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমি (বাপার্ড)" এর অবকাঠামোগত উন্নয়ন কাজের ভিত্তি প্রস্তর স্থাপন করেন।

২০১২ সালের ৮ই মার্চ "বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমি আইন ২০১২" (২০১২ সালের ১৪ নং আইন) প্রণীত হয় এবং মহামান্য রাষ্ট্রপতির সম্মতি লাভের মাধ্যমে কার্যকর হয়। ২০২২ সালের ১৬ জুন মাননীয় প্রধানমন্ত্রী বাপার্ড এর নির্মিত অবকাঠামো ভার্চুয়ালি আনুষ্ঠানিক উদ্বোধন করেন। এর মধ্য দিয়ে প্রতিষ্ঠানটিতে নিয়মিতভাবে প্রশিক্ষণ কার্যক্রম পরিচালিত হয়ে আসছে।

২০৪১ সালের মধ্যে দেশের সব নাগরিকের জীবনমান নিশ্চিত করার অংশ হিসেবে বৃত্তিমূলক ও কারিগরি প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে কর্মসন্ধানী নাগরিকদের কাজ থেকে আয়ের ব্যবস্থা এবং মাননীয় প্রধানমন্ত্রীর দারিদ্র্য বিমোচন মডেল সফলভাবে বাস্তবায়নের জন্য নিরলসভাবে কাজ করছে বাপার্ড। একাডেমির অন্যতম প্রধান কাজ প্রশিক্ষণ। মানবসম্পদ উন্নয়নে প্রশিক্ষণ গুরুত্বপূর্ণ অনুঘটক। একাডেমির প্রশিক্ষণ কর্মকান্ডের মূল উদ্দেশ্য হলো সরকারের দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন কার্যক্রমকে সফল ভাবে পরিচালনার মাধ্যমে দেশের দারিদ্র্য দূরীকরণে এবং পল্লীজনগনের জীবন যাত্রার মান উন্নয়নে সহযোগীতাকরণ।

দক্ষ মানবসম্পদ সৃষ্টি এবং পল্লীর দারিদ্র্যপীড়িত জনগোষ্ঠীকে উপার্জনমুখী কর্মকাণ্ডে আত্মনিয়োগের প্রয়াসে একাডেমি নানামুখী সামাজিক ও প্রায়োগিক গবেষণা পরিচালনা করছে। এ সমস্ত গবেষণালব্ধ ফলাফলকে প্রশিক্ষণ ও সভা-সেমিনারের মাধ্যমে সাধারণ জনগণের নিকট পৌছে দেয়া হচ্ছে। যা মূলতঃ দারিদ্র্য বিমোচনের অনুঘটক হিসেবে কাজ করছে।

### ১.২. রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলিঃ

#### ১.২.১ রূপকল্প (Vision):

গ্রামীণ মানুষের জীবনমান উন্নয়ন, দারিদ্র্য বিমোচন, পল্লী উন্নয়ন ও সমৃদ্ধ বাংলাদেশ গঠনে সহায়তা ।

#### ১.২.২ অভিলক্ষ্য (Mission):

প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ জনবল সৃষ্টি, দারিদ্র্য বিমোচন ও আর্থ-সামাজিক বৈষম্য দূরীকরণ এবং গবেষণার মাধ্যমে কৃষি, শিক্ষা ও ক্ষুদ্র শিল্প ক্ষেত্রে নতুন নতুন কৌশল, তত্ত্ব, জ্ঞান এবং লাগসই প্রযুক্তি উদ্ভাবন করে গ্রামীণ আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন। কর্মশালা, সেমিনার আয়োজন করে চিরাচরিত দৃষ্টিভঙ্গির পরিবর্তন, আধুনিক ধ্যান-ধারণা লাভে গ্রামীণ জনগোষ্ঠিকে সহায়তা করা এবং উপকূলীয় জোয়ার ভাটা ও জলবায়ুর প্রভাব বিবেচনায় রেখে টেকসই উন্নয়নের লক্ষ্যে উন্নত ও আধুনিক কৃষি প্রযুক্তির প্রসার ঘটানো।

# দ্বিতীয় অধ্যায়

## বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমি (বাপার্ড)-এর সাংগঠনিক পরিচিতি

### মহাপরিচালকের দপ্তর

বাপার্ড দশতলা একাডেমিক ভবনের পঞ্চম তলায় মহাপরিচালকের দপ্তর অবস্থিত। এ দপ্তরে মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, কম্পিউটার অপারেটর ও অফিস সহায়ক মহাপরিচালকের সকল কাজে সহযোগীতা করে থাকেন। একাডেমির তিনটি বিভাগের পরিচালক এবং প্রত্যেক শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ সরাসরি মহাপরিচালকের সাথে কাজ করে থাকেন।

একাডেমির মোট বিভাগ তিনটি। যথা:

২.১ প্রশাসন ও অর্থ বিভাগ;

২.২ প্রশিক্ষণ, আইটি ও গবেষণা বিভাগ;

২.৩ কৃষি, মৎস্য ও প্রাণিসম্পদ বিভাগ।

### ২.১ প্রশাসন ও অর্থ বিভাগ

প্রশাসন ও অর্থ বিভাগ একাডেমির প্রশাসনিক ও আর্থিক বিষয়ের কার্যক্রম পরিচালনা করে। এ বিভাগে একজন করে পরিচালক, যুগ্ম-পরিচালক, উপ-পরিচালক, সহকারী পরিচালক, মেডিকেল অফিসার, স্টেট কাম স্টোর অফিসার এবং দুইজন উপ-সহকারী প্রকৌশলী রয়েছেন। বিভাগের সার্বিক কাযক্রমে সহযোগীতার জন্য হিসাব রক্ষক, ব্যক্তিগত সহকারী (পিএ) এবং অন্যান্য কর্মচারী রয়েছে। এ বিভাগের উল্লেখযোগ্য কার্যক্রম নিম্নরূপঃ

- একাডেমির প্রশাসন, বাজেট প্রণয়ন ও আর্থিক বিষয়াদি সংক্রান্ত যাবতীয় কার্যক্রম সম্পাদন;
- অফিস ব্যবস্থাপনা, নিয়োগ, বদলি, পদসৃষ্টি ও সংরক্ষণ, পদোন্নতি, বিভাগীয় ব্যবস্থা গ্রহণ এবং দক্ষতা উন্নয়ন সংক্রান্ত যাবতীয় কার্যক্রম সম্পাদন;
- চাকুরি প্রবিধানমালা অনুযায়ী ছুটি, পেনশন ও ভবিষ্যৎ তহবিল সংক্রান্ত যাবতীয় কার্যক্রম সম্পাদন;
- একাডেমির সম্পদ সংগ্রহ, রক্ষণাবেক্ষণ ও যাবতীয় পূর্ত ও ইলেকট্রিক্যাল বিষয়ক কার্যক্রম সম্পাদন;
- একাডেমির ভূ-সম্পত্তি তত্ত্বাবধান, সংরক্ষণ ও খাজনা পরিশোষ সংক্রান্ত কার্যক্রম গ্রহণ;
- স্টোরের স্টক রেজিষ্টার রক্ষণাবেক্ষণ ও চাহিদা অনুযায়ী মালামাল সরবরাহ;
- একাডেমির যানবাহন, এসি, লিফট, পাম্প, সাব-স্টেশন, বৈদ্যুতিক সরঞ্জাম ইত্যাদির ইনভেন্টরি প্রণয়ন, রক্ষণাবেক্ষণ ও মেরামত সংক্রান্ত যাবতীয় কার্যক্রম সম্পাদন;
- সমন্বয় সভা ও প্রশাসনিক বিষয় সংশ্লিষ্ট অন্যান্য সভা আহবান সংক্রান্ত কার্যক্রম সম্পাদন;
- একাডেমির আইন, চাকুরি প্রবিধানমালা ও পরিচালনা বোর্ড গঠন/সভা অনুষ্ঠান সংক্রান্ত কার্যক্রম সম্পাদন;
- বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA), জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS), সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা কৌশল (GPMS), অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS), তথ্য অধিকার আইন (RTI Act), নাগরিক সেবায় উদ্ভাবন (Innovation), সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter's) প্রণয়ন ও বাস্তবায়ন প্রভৃতি সংশ্লিষ্ট যাবতীয় কার্যক্রম সম্পাদন;

# তৃতীয় অধ্যায়

## ২০২২-২০২৩ অর্থবছরে বাস্তবায়নকৃত প্রশিক্ষণ কার্যক্রম

### ৩.১ আয়বর্ধনমূলক প্রশিক্ষণ প্রদান

#### ৩.১.১ কৃষি বিষয়ক আয়বর্ধনমূলক প্রশিক্ষণ প্রদান

বাপার্ড হতে প্রান্তিক পর্যায়ের সুফলভোগী চাষীদের কৃষি বিষয়ক বিভিন্ন ধরনের আয়বর্ধনমূলক প্রশিক্ষণ পরিচালনা করা হয়। জুলাই-২০২২ হতে জুন-২০২৩ পযর্ন্ত প্রায় ২৮০ জনকে কৃষি বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

| ক্রমিক নং | প্রশিক্ষণের শিরোনাম | তারিখ | মেয়াদ (দিন) | প্রশিক্ষণার্থীর সংখ্যা (জন) |
|---|---|---|---|---|
| ১ | ঘেরেরপাড়ে সব্জি চাষ বিষয়ক প্রশিক্ষণ | ১৯/৯/২২-২১/৯/২২ | ৩ | ৪০ |
| ২ | শাক-সবজি চাষ বিষয়ক প্রশিক্ষণ | ২৫/১/২৩-২৮/২/২৩ | ২ | ৪০ |
| ৩ | শাক-সবজি চাষ বিষয়ক প্রশিক্ষণ | ২৭/২/২৩-২৮/২/২৩ | ২ | ৪০ |
| ৪ | ফডার (মাসকলাই চাষ) বিষয়ক প্রশিক্ষণ | ১৮/৩/২৩-১৯/৩/২৩ | ২ | ৪০ |
| ৫ | উন্নত পদ্ধতিতে কলা চাষ বিষয়ক প্রশিক্ষণ | ১৬/৪/২৩-১৭/৪/২৩ | ২ | ৪০ |
| ৬ | উন্নত পদ্ধতিতে পেঁপে চাষ বিষয়ক প্রশিক্ষণ | ০৯/৫/২৩-১০/৫/২৩ | ২ | ৪০ |
| ৭ | আধুনিক প্রযুক্তি শাক-সবজি চাষ বিষয়ক প্রশিক্ষণ | ১৪/৬/২৩-১৫/৬/২৩ | ২ | ৪০ |
| | | | মোট= | ২৮০ জন |




*শাক-সবজি চাষ বিষয়ক প্রশিক্ষণ*

# চতুর্থ অধ্যায়

## ২০২২-২০২৩ অর্থবছরে একাডেমির বাস্তবায়িত প্রশাসনিক কার্যক্রম

### ৪.১ একাডেমির বিভিন্ন প্রশাসনিক কার্যক্রম

জুলাই-২০২২ থেকে জুন-২০২৩ পর্যন্ত একাডেমি থেকে নিম্নোক্ত প্রশাসনিক কার্যক্রম বাস্তবায়িত হয়েছেঃ

(০১) প্রতি মাসে ১-৪ তারিখের মধ্যে মাসিক প্রতিবেদন (মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি,মন্ত্রণালয়/ বিভাগের মাসিক কার্যাবলীর প্রতিবেদন, পেনশন কেইস, বাপার্ড-এর অডিট আপত্তির তথ্য, মামলার তথ্য) প্রেরণ;

(০২) মন্ত্রণালয়ে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যপত্রে অন্তর্ভূক্তির জন্য তথ্য প্রেরণ;

(০৩) মহান জাতীয় সংসদের অধিবেশনের প্রশ্নোত্তর সংক্রান্ত জবাব প্রেরণ;

(০৪) ১ম শ্রেণীর ৯ম গ্রেডভুক্ত ১টি শূণ্য পদে নিয়োগ প্রদান (মেডিকেল অফিসার);

(০৫) জনবলের তথ্য প্রেরণ;

(০৬) সপ্তম ও অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনা প্রণয়নের জন্য ইনপুট প্রেরণ;

(০৭) বাপার্ড-এর কর্মকর্তা/কর্মচারীদের পেনশন পরিকল্প প্রণয়নের লক্ষ্যে কেবিনেট ডিভিশনের শর্তানুযায়ী এ্যাকচুয়ারিয়াল ফার্ম ও সিএ ফার্মের সাথে চুক্তিবদ্ধ হয়ে কার্যক্রম সম্পাদন;

(০৮) বাপার্ড-এর কর্মকর্তা/কর্মচারীদের নিয়মিত হাজিরা নিশ্চিতকরণ;

(০৯) পদ সংরক্ষণ ও পদ স্থায়ীকরণের জন্য জনপ্রশাসন ও অর্থমন্ত্রণালয়ের চেকলিস্ট অনুযায়ী তথ্য প্রেরণ;

(১০) সমাপ্ত প্রকল্প থেকে রাজস্ব খাতে আত্মীকৃত না হওয়ায় প্রকল্পের জনবল কর্তৃক মামলার রীটের জবাব ও কন্টেম্পট নোটিশের জবাব প্রেরণ ও আইন পরামর্শক নিয়োগের ব্যবস্থাকরণ;

(১১) অফিস ব্যবস্থাপনা এবং বিভাগীয় ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত;

(১২) আউটসোর্সিং-এ নিয়োগ প্রদানের লক্ষ্যে ৬০টি পদের অনুমোদনের জন্য চেকলিস্ট অনুযায়ী তথ্য প্রেরণ;

(১৩) বাপার্ড এ অনুষ্ঠিত বাপার্ড পরিচালনা বোর্ডের ৫ম সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতির কার্যক্রম সম্পাদন;

(১৪) কর্মকর্তা ও কর্মচারীদের ব্যক্তিগত নথি, সার্ভিসবুক লিখন ও এসিআর সংরক্ষণ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম সম্পাদন;

(১৫) নিরাপত্তা সংক্রান্ত যাবতীয় কার্যক্রম সম্পাদন;

(১৬) মেডিকেল সেন্টারের মাধ্যমে একাডেমির কর্মকর্তা-কর্মচারি এবং প্রশিক্ষণার্থীদের চিকিৎসা প্রদান;

(১৭) পিপিআর ও অন্যান্য আর্থিক বিধি অনুসরণপূর্বক যাবতীয় অফিস সরঞ্জামাদি ক্রয়, মেরামত ও সংরক্ষণ;

(১৮) একাডেমির নিজস্ব জনবলের দক্ষতা উন্নয়নের লক্ষ্যে প্রশিক্ষণ প্রদান;

(১৯) একাডেমির যানবাহন সংগ্রহ, ব্যবহার, নিয়ন্ত্রন এবং প্রটোকল সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়ন;

(২০) টেলিফোন, ইন্টারনেট, লিফট ও জেনারেটর ইত্যাদি সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়ন;

# পঞ্চম অধ্যায়

